

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/9/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ধর্মীয় পোশাক বা মুখের চুলের উপর ভিত্তি করে কর্মসংস্থানের ক্ষেত্রে বৈষম্য নিষিদ্ধ করার আইনে স্বাক্ষর করেছেন

কুওমো: "নতুন ইয়র্কবাসী হিসেবে আমরা আমাদের বৈচিত্র উদযাপন করি এবং কর্মক্ষেত্র সহ সব জায়গায় ধর্মীয় অভিব্যক্তির স্বাধীনতা সমর্থন করি এবং উৎসাহ প্রদান করি। এই আইন ধর্মীয় পোশাক বা মুখের চুলের উপর ভিত্তি করে বৈষম্যমূলক কর্মসংস্থানের অভ্যাস থেকে মানুষকে রক্ষা করবে এবং কারো মনে কোন িসংশয় থাকে তার কাছে স্পষ্ট করে দেওয়া যে নিউ ইয়র্ক কোন ধরনের গোঁড়ামির জন্য শূন্য সহনশীলতা প্রদর্শন করবে।"

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ আইন (S.04037/A.4204) স্বাক্ষর করেন যা ধর্মীয় পোশাক, পোশাক আশাক বা মুখের চুলের উপর ভিত্তি করে কর্মসংস্থানের ক্ষেত্রে বৈষম্য নিষিদ্ধ করে। নতুন আইন নিউ ইয়র্ক স্টেট হিউম্যান রাইটস ল্য সংশোধন করে, এই মর্মে যে নিয়োগকর্তারা কোণ ব্যক্তির ধর্মের মতবাদ অনুযায়ী পশাক পরা বা মুখের চুল রাখার কারণে তার বিরুদ্ধে কোন বৈষম্যমূলক পদক্ষেপ নিতে পারবেন না যার মধ্যে রয়েছে নিয়োগকরা, প্রাপ্ত করা পদন্নোতি করার মত কাজ।

"নিউ ইয়র্কবাসী হিসেবে আমরা আমাদের বৈচিত্র উদযাপন করি এবং কর্মক্ষেত্র সহ সব জায়গায় ধর্মীয় অভিব্যক্তির স্বাধীনতাকে উৎসাহ প্রদান করি", **গভর্নর কুওমো বলেন।** "এই আইন ধর্মীয় পোশাক বা মুখের চুলের উপর ভিত্তি করে বৈষম্যমূলক কর্মসংস্থানের অভ্যাস থেকে মানুষকে রক্ষা করবে এবং এটা এমন কেউ যার এখনো সন্দেহ থাকতে পারে, তার কাছে স্পষ্ট করে দেয় যে নিউ ইয়র্ক কোন ধরনের গোঁড়ামির প্রতি শূন্য সহনশীলতা প্রদর্শন করে।"

এই আইন নিউ ইয়র্ক স্টেট হিউম্যান রাইটস আইনের সুরক্ষার বিষয়টি পরিষ্কার করে দেয়, যা নিয়োগকারীদের ধর্মীয় বিশ্বাসের কারণে আবেদনকারী বা কর্মচারীদের সাথে ভিন্নভাবে ব্যবহার করা নিষেধ করে সেই ব্যক্তির ধর্মীয় বিশ্বাসের কারণে, এবং এটি নিয়োগকর্তাদের যুক্তিগ্রাহ্যভাবে একজন কর্মচারীর ধর্মীয় অনুশীলন মেনে নেওয়া বাধ্যতামূলক করে। নতুন আইন ধর্মীয় অন্তর্ভুক্তি ও সমতার প্রতি গভর্নরের অঙ্গিকারবদ্ধতাকে পুনরায় নিশ্চিত করে আই নতুন আইন।

সিনেটর জন সি লিউ বলেন, "আজ, নিউ ইয়র্ক স্পষ্টভাবে ধর্মীয় পোশাক এবং চেহারার ভিত্তিতে নিয়োগকারীর দ্বারা বৈষম্য প্রদর্শন নিষিদ্ধ করেছে। এসব বিভেদ সৃষ্টিকারী সময়ে নিউ ইয়র্ককে ধর্মীয় অভিব্যক্তি রক্ষা ও গোঁড়ামি ও অসহিষ্ণুতা দূরীকরণে অবশ্যই নেতৃত্ব দিতে হবে। এই

ঐতিহাসিক বিলে স্বাক্ষর করার জন্য এবং সকল ধর্মের নিউ ইয়র্কবাসীদের রক্ষা করার জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ।"

"এই ঐতিহাসিক ধর্মীয় পোশাকের বিল স্পষ্ট করে দেয় যে কর্মক্ষেত্রে ধর্মান্বলম্বী মানুষদের প্রতি কোনও বৈষম্য প্রদর্শন বরদাস্ত করবে না নিউ ইয়র্কবাসীরা। যে সময়ে গোঁড়ামি ও ঘৃণার নজির বাড়ছে, তখন একে অপরের অধিকার ও মর্যাদার পক্ষে দাঁড়ানো আমাদের কর্তব্য। কোনো নিউ ইয়র্কবাসীকে তাদের পেশা ও ধর্মীয় বিশ্বাসের মধ্যে একটি বেছে নেবার অবস্থায় পরা উচিত নয়", **অ্যাসেম্বলি সদস্য ডেভিড আই. ওয়েপ্রিন বলেন,** "ভবিষ্যতের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বিলটি আইনে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই, যা সকল নিউ ইয়র্কবাসীরা কর্মক্ষেত্রে সম্মান অনুভব করতে পারে তা নিশ্চিত করে এবং আমি সিনেটর জন সি. লিউ কে ধন্যবাদ জানাই এই বিলটি সিনেটে বহন করার জন্য।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)